উল্লেখিত প্রতিবেদন আগামী ...১৭/৪/১৮.......তরিখ বেলা...১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

নং- ৯০৭-যঃ
তাং- ৫।৪।১৮ ইং

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০১৮ সালের ১৭ এপ্রিল, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

মোহাম্মদ সেলিম আজাদ পরিচিতি নং-৬০২১৩৭ নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ মনিটরিং বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

* ৩৭৯ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বর্তমানে কৃষি খাত, পরিবহন খাত ও ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানসহ দেশের প্রতিটি শ্রম সেক্টরে শিশু শ্রমিক এর সংখ্যা কত; সরকারের নিকট সঠিক কোনো পরিসংখ্যান আছে কিনা; এবং

(খ) শিশু শ্রম বন্ধে সরকারের কোনো কর্মসূচী আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৩৮০ । জনাব নাজমুল হক প্রধান (পঞ্চগড়-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পঞ্চগড় জেলায় কোনো কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

* ৩৮১ । জনাব পঞ্চানন বিশ্বাস (খুলনা-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, খুলনার রেলস্টেশন হইতে রেলে উঠিতে গেলে ঝুঁকি নিয়া রেলে উঠিতে হয়। ষ্টেশনের প্লাটফর্ম অনেক নিচু। তাই প্লাটফর্মটি উঁচু করা তথা দেশের সমস্ত এলাকার অনুরূপ সকল ষ্টেশনের প্লাটফর্মটি উঁচু করা ও আধুনিকীকরণ হইবে কিনা; হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৩৮২ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে সিরাজগঞ্জ জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

* ৩৮৩ । বেগম লুৎফা তাহের (মহিলা আসন-৪০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের জনগণের দুর্দশা লাগবে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচী চালু করিয়াছেন; হ্যাঁ হইলে, গত নয় বছরে বর্তমান সরকার এই খাতে উল্লেখযোগ্য যে সকল কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করিয়াছে তাহা কী?

* ৩৮৪ । সেলিনা বেগম (মহিলা আসন-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পদ্মা সেতুর নির্মাণ কাজের অগ্রগতি কতদূর; এবং কবে নাগাদ পদ্মা সেতুর কাজ শেষ হইবে?

* ৩৮৫ । বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জামালপুর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী কী?

Jamalpur

* ৩৮৬ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলের উন্নয়ন, আধুনিকায়ন ও রেলের নিজস্ব সম্পদ রক্ষায় সরকারের পদক্ষেপসমূহ কী?

* ৩৮৭ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার এতিম ও অনাথ শিশুদের তালিকা করিয়া তাহাদের শিক্ষা ও বাসস্থানের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কী?

* ৩৮৮ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় কোনো সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

Chittagong

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৩৮৯ । **বেগম উম্মে রাজিয়া কাজল** (মহিলা আসন-৪৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলা সদরে একটি টেক্সটাইল ইনস্টিটিউট প্রতিষ্ঠা করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে; না থাকিলে, তাহার কারণ কী?

* ৩৯০ । **জনাব ফখরুল ইমাম** (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থানে সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

* ৩৯১ । **বেগম সানজিদা খানম** (মহিলা আসন-২৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুবিধা বঞ্চিত শিশুদের কল্যাণে আমার দায়িত্বপ্রাপ্ত এলাকা শ্যামপুর ও কদমতলী থানার শিশুদের কল্যাণে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

Jessore

* ৩৯২ । **জনাব মোঃ মনিরুল ইসলাম** (যশোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর জেলার চৌগাছা ও ঝিকরগাছা উপজেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ৩৯৩ । **জনাব এম, আবদুল লতিফ** (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, জনপ্রিয় হইয়া উঠেছে অনলাইনভিত্তিক পরিবহন সেবা; তবে এই সেবা শুধু ঢাকা কেন্দ্রিক। ইহা আরো সত্য কিনা যে, সারাদেশে ২৬ লাখ নিবন্ধিত যানবাহন এ্যাপসভিত্তিক পরিবহন সেবা দেওয়ার উপযোগী;

(খ) "ক"- প্রশ্নের উত্তর সত্য হইলে, সারাদেশে অনলাইনভিত্তিক পরিবহন সেবা বাড়াইতে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

Nilphamari

* ৩৯৪ । **জনাব মোঃ আফতাব উদ্দিন সরকার** (নীলফামারী-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা নীলফামারী-১ আসনের ডোমার-ডিমলা উপজেলায় আপনার মন্ত্রণালয়ের অধীনে রাস্তাগুলির মধ্যে ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে কী কী কাজ করা হইয়াছে; ব্যয়িত অর্থসহ বিস্তারিত বর্ণনা জানাইবেন কী; এবং চলমান কাজের তালিকা (ব্যয়িত অর্থসহ) বিস্তারিত বর্ণনা এবং যে সমস্ত রাস্তার পূর্ণাঙ্গ বা আংশিক কাজ বাকী আছে তাহা জরুরিভিত্তিতে শেষ করিবার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন কিনা; করিলে, তাহা কত দিনের মধ্যে শেষ করা হইবে?

* ৩৯৫ । **শেখ মোঃ নুরুল হক** (খুলনা-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বৈদেশিক সহায়তা ছাড়াই নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের অগ্রগতি কী; কবে নাগাদ ঐ সেতু যানবাহন চলাচলের জন্য খুলিয়া দেওয়া হইবে;

(খ) ঐ সেতুতে একই সাথে রেল যোগাযোগ স্থাপিত হইবে কিনা; হইলে, তাহা কিভাবে এবং কোন কোন রুটের সাথে সংযুক্ত হইবে?

* ৩৯৬ । **বেগম ফজিলাতুন নেসা বাপ্পি** (মহিলা আসন-৩০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রামের অসহায় মহিলাদের সুবিধার জন্য কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে; এবং তাহাদের আর্থিক সহায়তা প্রদান করা হয় কিনা?

* ৩৯৭ । **জনাব সাধন চন্দ্র মজুমদার** (নওগাঁ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নওগাঁ জেলার পোরসা, সাপাহার ও নিয়ামতপুর উপজেলায় দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭১৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক
প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৩৯৮ । **মিসেস আমিনা আহমেদ** (মহিলা আসন-৩৪) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের সকল অঞ্চলের মধ্যে সুষ্ঠু এবং সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়িয়া তুলিবার লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

* ৩৯৯ । **জনাব এ কে এম রহমতুল্লাহ্** (ঢাকা-১১) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, ঢাকা মহানগরীতে চলাচলকারী অনেক জরাজীর্ণ মোটরযান উচ্ছেদে গঠিত মোবাইল কোর্ট সাফল্য অর্জন করিতে পারিতেছে না; এবং

(খ) উত্তর হাঁ সূচক হইলে, বিকল্প কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; না থাকিলে, মোবাইল কোর্ট সংখ্যা বাড়াইবার পরিকল্পনা সরকারের আছে কিনা; না থাকিলে, তাহার কারণ কী?

* ৪০০ । **জনাব এম এ মালেক** (ঢাকা-২০) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ধামরাই উপজেলার সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

* ৪০১ । **জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম)** (মাদারীপুর-৩) ঃ  মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার শহরাঞ্চলের ছিন্নমূল শিশুদের উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতেছে কিনা; এবং করিলে, তাহা কী?

* ৪০২ । **জনাব এম, এ, আউয়াল** (লক্ষ্মীপুর-১) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ৪০৩ । **জনাব মোঃ নজরুল ইসলাম বাবু** (নারায়ণগঞ্জ-২) ঃ  বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নীটওয়্যার শিল্পের উন্নয়ন ও বিশ্ব অর্থনীতির মন্দার কবল হইতে উক্ত শিল্পকে রক্ষার্থে বর্তমান সরকার এই পর্যন্ত কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উক্ত পদক্ষেপসমূহ কী?

* ৪০৪ । **বেগম হোসনে আরা লুৎফা ডালিয়া** (মহিলা আসন-৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রংপুর জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

* ৪০৫ । **জনাব মোঃ নবী নেওয়াজ** (ঝিনাইদহ-৩) ঃ  মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, উপজেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলার মহেশখালী ও কোট চাঁদপুর উপজেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৪০৬ । **জনাব মোঃ রুস্তম আলী ফরাজী** (পিরোজপুর-৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ মঠবাড়ীয়ার মাছুয়া রকেট ঘাট ও রায়েন্দা সংযোগের বলেশ্বর নদীতে ফেরী সার্ভিসের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সরজমিনে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তটি কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

* ৪০৭ । **জনাব কামরুল আশরাফ খান** (নরসিংদী-২) ঃ  মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নরসিংদী জেলায় কতটি দুঃস্থ ও অসহায় মহিলা পুনর্বাসন কেন্দ্র আছে; পুনর্বাসন কেন্দ্র হইতে কী ধরনের সেবা প্রদান করা হইয়া থাকে; নরসিংদী জেলার পলাশ উপজেলায় নতুন কোনো দুঃস্থ ও অসহায় মহিলা পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা হইবে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৪০৮ । জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ধানুয়া-কামালপুর-রৌমারী-রাজিবপুর-দাঁতভাঙ্গা সড়কের কুড়িগ্রাম সড়ক বিভাগের আওতাধীন কদমতলা হইতে দাঁতভাঙ্গা পর্যন্ত ২৯ কিঃ মিঃ রাস্তা সম্প্রসারণ ও মজবুতিকরণের জন্য ৩১৭ কোটি টাকার একটি প্রাক্কলন একনেকে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করিয়াছিলেন। উক্ত প্রাক্কলনের বর্তমান অবস্থা কী; তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৪০৯ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭১ মুন্সীগঞ্জ-১ (শ্রীনগর- সিরাজদিখান) এলাকার সড়ক ও জনপথ বিভাগের আওতায় কতটুকু রাস্তা সংস্কার করা হইয়াছে; আর কতটুকু রাস্তা সংস্কার করিবার পরিকল্পনা আছে ?

* ৪১০ । জনাব মুহাম্মদ মিজানুর রহমান (খুলনা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) নারী ও শিশু নির্যাতন রোধে সরকার এই পর্যন্ত কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে;

(খ) বিভাগীয় শহর খুলনার স্বামী পরিত্যক্ত ও বিধবা মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন সরবরাহসহ তাহাদেরকে আর্থিক সহায়তা প্রদান এবং কারিগরি শিক্ষায় প্রশিক্ষিত করিবার উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

* ৪১১ । জনাব শরীফ আহমেদ (ময়মনসিংহ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত ময়মনসিংহ জেলার উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

* ৪১২ । জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে বিদ্যমান মহাসড়ক সমূহের উভয় পার্শ্বে হুকুম দখলকৃত বর্তমানে অব্যবহৃত জমিসমূহ অবমুক্ত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

* ৪১৩ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, রাজধানীর রেললাইনে বসা অবৈধ বাজারগুলিতে ধারাবাহিক মৃত্যুর ঘটিবার কারণে সরকার অবৈধ বাজারগুলি উচ্ছেদপূর্বক রেললাইনে বেষ্টনী দেওয়ার পদক্ষেপ গ্রহণ করিয়াছে ; এবং

(খ) "ক"- প্রশ্নের উত্তর সত্য হইলে, উক্ত সিদ্ধান্ত কার্যকর রাখিতে সরকার মনিটরিং ব্যবস্থা অব্যাহত রাখিবে কিনা?

* ৪১৪ । বেগম সেলিনা আখতার বানু (মহিলা আসন-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে মেহেরপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহা কী?

* ৪১৫ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত নরসিংদী জেলার উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

* ৪১৬ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে শরীয়তপুর জেলার সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; এবং হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

Kurigram
Munshiganj
Mymensingh
ACE, MSW
Narsingdi
Sariatpur

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৩৫৭/৮৮৭৯৩৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৪১৭ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বাৎসরিক বস্ত্রের চাহিদা কত; দেশে কী পরিমাণ বস্ত্র উৎপাদন হয়; কী পরিমাণ বস্ত্র বিদেশ হইতে আমদানি করা হয়?

Jamalpur

* ৪১৮ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় গত নয় বছরে আপনার মন্ত্রণালয়াধীন যে সকল মেগা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে তাহার তালিকা কী?

Nilphamari

* ৪১৯ । জনাব গোলাম মোস্তফা (নীলফামারী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা নীলফামারী-৩ আসনের টেংগনমারী হইতে কিশোরগঞ্জ পর্যন্ত জরাজীর্ণ ১০ কিঃ মিঃ রাস্তা সম্প্রসারণ ও সংস্কার করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন কিনা; করিলে, তাহা কতদিনের মধ্যে ব্যবস্থা করা হইবে; না হইলে, কারণ কী?

* ৪২০ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকায় প্রকল্প গ্রহণসহ অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

Kustia

* ৪২১ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

Noakhali

* ৪২২ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার সেনবাগ ও সোনাইমুড়ি উপজেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ তাহা বাস্তবায়ন হইবে?

Kurigram

* ৪২৩ । বেগম নুর-ই-হাসনা লিলি চৌধুরী (মহিলা আসন-৪৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

* ৪২৪ । বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় চলতি অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় দুঃস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে?

* ৪২৫ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে দক্ষ মটর ড্রাইভার সৃষ্টির লক্ষ্যে আমার নির্বাচনী এলাকা ভোলা জেলার লালমোহন উপজেলা সদরে বিআরটিসি কর্তৃক একটি মটর ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্র চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৪২৬ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৭-২০১৮ অর্থ বছরে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

* ৪২৭ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলার প্রতিটি ইউনিয়নে একটি করিয়া নারী নির্যাতন প্রতিরোধ সেল স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৩৫৭/৮৮৭৯৩৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক
প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৪২৮ । জনাব মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়া (কুমিল্লা-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমাদের দেশে পাটজাত পণ্য ব্যবহার ও প্রক্রিয়া জাতকরণে সরকার কী কী পদক্ষেপ নিয়াছে?

* ৪২৯ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকা যানজট নিরসনে মেট্রো রেল প্রকল্পের অগ্রগতি কোন পর্যায়ে; কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের কাজ শেষ হইবে; ইহাতে কতগুলি ষ্টেশন থাকিবে; এবং কোন কোন স্থানে থাকিবে; মেট্রোরেলে নগরবাসী কী কী সুবিধা ভোগ করিবে?

* ৪৩০ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ৪৩১ । জনাব আবদুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৫-২০১৬ অর্থ বছরে কুষ্টিয়া জেলার খোকসা ও কুমারখালী উপজেলায় দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, হিসাব কী?

* ৪৩২ । জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের মহাসড়কগুলিতে দুর্ঘটনা রোধকল্পে বিশেষ কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৪৩৩ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন রাস্তা সম্প্রসারণ ও নির্মাণের লক্ষ্যে একনেক কর্তৃক অনুমোদিত রাস্তার কাজ কবে নাগাদ শুরু করা হইবে?

* ৪৩৪ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁদপুর জেলার সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইল, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কী?

* ৪৩৫ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় রাজশাহী জেলার উপজেলা পর্যায়ে শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৪৩৬ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার সদর উপজেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ বাস্তবায়ন হইবে?

* ৪৩৭ । জনাব ইফতিকার উদ্দিন তালুকদার পিন্টু (নেত্রকোণা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছরে হইতে এই পর্যন্ত নেত্রকোনা জেলার উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

* ৪৩৮ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলওয়ের সেবার মান অনেক বৃদ্ধি এবং বাংলাদেশ রেলওয়ে একটি আধুনিক গণপরিবহনের মাধ্যম হিসাবে পরিণত করিতে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।
"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩০৭/৮৮৭১৩০৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে

ঢাকা,
২২ চৈত্র, ১৪২৪।
৫ এপ্রিল, ২০১৮।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৮ সালের ১৭ এপ্রিল, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

২৬২ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সারাদেশে রেলওয়ের সম্পত্তির পরিমাণ কত; তাহার মধ্যে কী পরিমাণ সম্পত্তি রেলওয়ের দখলে রহিয়াছে?

২৬৩ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত ৯ বছরে শিশু অধিকার সু-রক্ষায় সরকারের গৃহীত কর্মসূচীসমূহ কী; এবং তাহার বিপরীতে অর্জিত সাফল্যসমূহ কী?

Kustia

২৬৪ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুষ্টিয়া জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; এবং কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

২৬৫ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র পীড়িত এলাকায় হতদরিদ্র নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করিতে কোনো কর্মসূচী গ্রহণ করা হইয়াছে কিনা; এবং হইলে, তাহা কী?

২৬৬ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বঙ্গবন্ধু সেতু উদ্বোধনের পর হইতে এই পর্যন্ত সেতুটি রক্ষণাবেক্ষণ বাবদ মোট কত টাকা ব্যয় হইয়াছে?

২৬৭ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিশ্বের কোন্ কোন্ দেশে কাঁচা পাটজাত দ্রব্য রপ্তানি হইয়া থাকে; এবং বার্ষিক কী পরিমাণ কাঁচা পাট রপ্তানি করা হয়?

২৬৮ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৫-২০১৬ অর্থ বছর হইতে ২০১৬-২০১৭ অর্থ বছর পর্যন্ত সময়ে দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ফেনী জেলায় কোনো ঋণ বিতরণ কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

২৬৯ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়ের দুর্ঘটনা প্রতিরোধকল্পে সরকার গত ৮ বছরে কী কী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

২৭০ । জনাব গোলাম মোস্তফা (নীলফামারী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, "উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের মাধ্যমে আমার নির্বাচনী এলাকার জলঢাকা উপজেলায় কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে; এবং দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণসহ বিভিন্ন বিত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে কী কী কার্যক্রম গ্রহণ করা হইয়াছে?

২৭১ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার দায়িত্বপ্রাপ্ত এলাকার অন্তর্ভুক্ত ঢাকা মহানগরীর শ্যামপুর ও কদমতলী থানার কর্মজীবী মহিলাদের জন্য কোনো কর্মজীবী হোস্টেল আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, করা হইবে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"



২৭২। বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজশাহী জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

Rajshahi

২৭৩। বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

২৭৪। বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলার উপজেলা পর্যায়ে দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

Gopalganj

২৭৫। বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলায় ২০১৭-২০১৮ অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

২৭৬। বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে গোপালগঞ্জ জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; চলতি অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

২৭৭। জনাব এম, এ, আউয়াল (লক্ষীপুর-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, উপজেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

২৭৮। নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে চাঁদপুর জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; বর্তমান অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কী?

২৭৯। নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে চাঁদপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

২৮০। নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরে চাঁদপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

Lakshmipur

২৮১। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষীপুর-৪ এর অন্তর্গত রামগতি উপজেলাধীন চৌধুরীহাট খেয়াঘাটে নির্মিত ৮০ মিটার দৈর্ঘ্যের একটি ষ্টীল ব্রীজ রহিয়াছে। বিভিন্ন সময়ে ষ্টীল ব্রীজটিতে সমস্যা দেখা দেয় এবং বর্তমানে ব্রীজটি একেবারেই যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রহিয়াছে যাহা রামগতি ও নোয়াখালী জেলার সুবর্ণচরে যাতায়াতের একমাত্র যোগাযোগ মাধ্যম। তাই, বর্ণিত ষ্টীল ব্রীজটির পরিবর্তে চৌধুরী হাট খেয়াঘাটে একটি স্থায়ী পাকা ব্রীজ নির্মাণ করা হইবে কিনা?

২৮২ । **জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী** (সিলেট-৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলার সড়ক উন্নয়নে আপনার মন্ত্রণালয় হইতে কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে?

২৮৩ । **জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী** (সিলেট-৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের ফেব্রুয়ারি/২০১৮ মাস পর্যন্ত আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় আপনার মন্ত্রণালয়ের অধীন কোনো প্রকল্প বাস্তবায়িত হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার বিবরণ কী?

২৮৪ । **জনাব মোঃ আবদুল্লাহ** (লক্ষ্মীপুর-৪) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা কমলনগর উপজেলার মতিহাট-তোরাব গঞ্জ-ফজু মিয়ার হাট হইয়া বান্দের হাট-বয়ারচর পর্যন্ত সড়কটির বিভিন্ন স্থানে খানা খন্দক ও গর্তের সৃষ্টি হইয়া চলাচলের অনুপযোগী হইয়া পড়িয়াছে। জরুরি ভিত্তিতে বর্ণিত সড়কটি সংস্কার করিয়া চলাচলের উপযোগী করা হইবে কিনা; একই সাথে সড়কটির নাম বঙ্গবন্ধু সড়ক হিসাবে নামকরণ করা হইবে কিনা?

২৮৫ । **জনাব গোলাম দস্তগীর গাজী** (নারায়ণগঞ্জ-১) ঃ  রেলপথ  মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রেলপথকে আধুনিক করিয়া জনগণের আরামদায়ক চলাচলের সুযোগ বৃদ্ধি করিবার লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

২৮৬ । **জনাব গোলাম দস্তগীর গাজী** (নারায়ণগঞ্জ-১) ঃ  মহিলা ও শিশু বিষয়ক  মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

২৮৭ । **জনাব গোলাম দস্তগীর গাজী** (নারায়ণগঞ্জ-১) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

২৮৮ । **জনাব আলী আজম** (ভোলা-২) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, তাহার কারণ কী?

২৮৯ । **জনাব আলী আজম** (ভোলা-২) ঃ  মহিলা ও শিশু বিষয়ক  মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলায় কোনো কর্মজীবি মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কারণ কী?

২৯০ । **জনাব আলী আজম** (ভোলা-২) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী তাহার হিসাব কী?

২৯১ । **জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা** (নরসিংদী-৩) ঃ  মহিলা ও শিশু বিষয়ক  মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নরসিংদী জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; চলতি অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

২৯২ । **বেগম নাসরিন জাহান রত্না** (বরিশাল-৬) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, বাকেরগঞ্জ উপজেলায় কয়টি [illegible]

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৩৫৭/৮৮৭১৩৫৩৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

২৯৩ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নরসিংদী জেলায় কোনো কর্মজীবি মহিলা হোষ্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কারণ কী?

Narsingdi

২৯৪ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নরসিংদী জেলার শিবপুর উপজেলায় সড়ক পরিবহন বিভাগের রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ তাহা বাস্তবায়ন হইবে?

২৯৫ । বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে বরিশাল জেলার বাকেরগঞ্জ জেলায় কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

Barishal

২৯৬ । বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৬-২০১৭ অর্থ বছরে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়ের অধীন কোনো রাস্তা সংস্কার/নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

২৯৭ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলা হইতে রহনপুর হইয়া রেল লাইন সম্প্রসারণ করিবার সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; না থাকিলে, করা হইবে কিনা?

Chapainabobganj

২৯৮ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকার গোমস্তাপুর উপজেলার রহনপুর হইতে ভোলাহাট গামী সড়কের মেরামত, সংস্কার ও রাস্তার দুই পার্শ্ব প্রশস্তের কাজ কবে নাগাদ শুরু হইবে?

২৯৯ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকার নিয়ন্ত্রিত কতটি পাট কল রহিয়াছে; উক্ত পাট কলগুলির মধ্যে কতটি লাভজনক এবং কতটি অলাভজনক; অলাভজনক পাট কলগুলি লাভজনক করিবার কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছে কী?

৩০০ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ট্রেনের যাত্রী সেবার মান উন্নয়নের লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে; যাত্রী সেবার মান বৃদ্ধির লক্ষ্যে দেশে নতুন কোনো ট্রেন আমদানী করা হইতেছে কিনা; হইলে, কতটি ট্রেন আমদানী করা হইবে?

Munshiganj

৩০১ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭১ মুন্সীগঞ্জ-১ এর (শ্রীনগর-সিরাজদিখান) এর সিরাজদিখান উপজেলার তালতলা, সিরাজদিখান, শিকারপুর (নিমতলা) রাস্তাটি বর্তমান অর্থ বছরে উন্নয়ন করা হইবে কিনা?

Kurigram

৩০২ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম-উলিপুর-চিলমারী মহাসড়কটি ১৮ ফুট হইতে ২৪ ফুট প্রশস্ত করিবার লক্ষ্যে প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন রহিয়াছে। কবে নাগাদ প্রকল্পটির কাজ শুরু ও শেষ হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

ঢাকা,
২২ চৈত্র, ১৪২৪।
৫ এপ্রিল, ২০১৮।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।